


প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

জনস্বাস্থ্য উন্নয়ন জাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা ১০০০
বিদ্যালয়-২ শাখা
www.mopme.gov.bd



নম্বর: ৩৮.০০৮.০৩৫.০০.০০.০০৭.২০১২-

১০০

তারিখ: ১০ আগস্ট ২০১৫

প্রজ্ঞাপন

মহানগর প্রাথমিক শিক্ষা কমিটি গঠন এবং কমিটির দায়িত্ব-কর্তব্য সংক্রান্ত বিষয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের গত ১০/০৮/২০০৯ তারিখের প্রাগম/বিদ্যা-২/১৬ (ম্যানেজিং কমিটি)-১/৯৮/৫৯৮নং প্রজ্ঞাপন এতদ্বারা বাতিল করে মহানগর প্রাথমিক শিক্ষা কমিটি গঠন ও এর পরিচালনা সংক্রান্ত নিম্নবর্ণিত নীতিমালা জারি করা হলোঃ

১। কমিটির গঠন:

- ১.১ বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা - চেয়ারম্যান
- ১.২ মহানগর এলাকার একজন শিক্ষানুরাগী ব্যক্তি (মহানগরীর মাননীয় মেয়র কর্তৃক মনোনীত) - সদস্য
- ১.৩ মহানগর এলাকার প্রাথমিক শিক্ষা কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট একজন এনজিও প্রতিনিধি (মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক মনোনীত) - সদস্য
- ১.৪ মহানগর এলাকার একটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটির একজন সভাপতি (মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক মনোনীত) - সদস্য
- ১.৫ মহানগর এলাকায় অবস্থিত উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের একজন প্রধান শিক্ষক/শিক্ষিকা (মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক মনোনীত) - সদস্য
- ১.৬- মহানগর এলাকার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের দুইজন প্রধান শিক্ষক (একজন - সদস্য
১.৭ পুরুষ ও একজন মহিলা) (জেলা প্রাথমিক শিক্ষা অফিসার কর্তৃক মনোনীত)
- ১.৮ মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক মনোনীত একজন উপ-পরিচালক/সহকারী পরিচালক পর্যায়ের কর্মকর্তা (মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক মনোনীত) - সদস্য
- ১.৯ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী কর্তৃক মনোনীত একজন প্রকৌশলী (উপ-বিভাগীয় প্রকৌশলীর নীচে নয়) - সদস্য
- ১.১০ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী কর্তৃক মনোনীত একজন প্রকৌশলী (উপ-বিভাগীয় প্রকৌশলীর নীচে নয়) - সদস্য
- ১.১১ জেলা প্রশাসক কর্তৃক মনোনীত একজন যথোপযুক্ত কর্মকর্তা - সদস্য
- ১.১২ মহানগর এলাকার একজন থানা শিক্ষা অফিসার (প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বিভাগীয় উপ-পরিচালক কর্তৃক মনোনীত) - সদস্য
- ১.১৩ মহানগর এলাকার একজন ইউআরসি ইন্সট্রাক্টর (প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বিভাগীয় উপ-পরিচালক কর্তৃক মনোনীত) - সদস্য
- ১.১৪ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার - সদস্য-সচিব

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর মহাপরিচালকের দপ্তর
স্বাক্ষর
সি.এ.এ. মাহমুদুল হক
মহাপরিচালক

২। উপরিউক্ত কমিটির মনোনীত সদস্যগণের কার্যকালের মেয়াদ হবে প্রজ্ঞাপন জারীর তারিখ হতে তিন বছর। কোন মনোনীত সদস্যের পদ পরিবর্তিত হলে অথবা তিনি সংশ্লিষ্ট মহানগর এলাকার বাইরে বদলি হলে তার সদস্যপদটি

